দৈনিক ইত্তেফাক

তারিখ APR 27 1999
পৃষ্ঠা ৪ কলাম ৪

124

## প্রসঙ্গঃ মডেল প্রাইমারী স্কুল

দেশের প্রত্যেক থানায় একটি করিয়া মডেল প্রাইমারী স্কুল নির্বাচন করা হইয়াছে। কিন্তু অনেক ক্ষেত্রেই নির্ধারিত নীতিমালা অনুসরণ করার পরিবর্তে স্থানীয় শিক্ষা কর্মকর্তার স্বার্থ ও খেয়ালখুশি প্রাধান্য পাইয়াছে। বিশেষ করিয়া সিলেট বিভাগের অধিকাংশ থানায় এই অনিয়ম লক্ষ্যণীয়। মডেল স্কুল নির্বাচন নীতিমালা অনুযায়ী প্রত্যেক থানা হেডকোয়ার্টারে ভাল পারফরমেন্স, পর্যাপ্ত শিক্ষক, প্রধান শিক্ষক বি,এ পিটি অথবা অভিজ্ঞ হইলে এইচ,এস,সি পিটি, ছাত্র-শিক্ষক অনুপাত ৪০ঃ১ সর্বোপরি উন্নত যোগাযোগ ব্যবস্থা এবং সম্প্রসারিত বিদ্যালয় গৃহ থাকিতে হইবে। কিন্তু স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত রিপোর্ট অনুযায়ী অত্র বিভাগের ১১টি বিদ্যালয়ের প্রধান শিক্ষক এস,এস,সি পিটি, ৮টি বিদ্যালয় গ্রামাঞ্চলে; ১১টি বিদ্যালয়ে ৩ বা ৫ জন শিক্ষক এবং অধিকাংশ মডেল প্রাইমারী স্কুলে ছাত্র-শিক্ষকদের অনুপাত ৭০ঃ১। এমতাবস্থায় সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আবেদন এই যে, নীতিমালার ভিত্তিতে যোগ্য প্রধান শিক্ষকসহ পর্যাপ্ত শিক্ষক নিয়োগ এবং গ্রামাঞ্চলে নির্বাচিত মডেল প্রাইমারী স্কুলগুলিতে থানা সদর কেন্দ্রে স্থানান্তর বা পুনঃ নির্বাচনের ব্যবস্থা নেওয়া হউক।

এস,এম আফজল আলী,
তেলী খাল, কোম্পানীগঞ্জ, সিলেট।